

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলগাজী, ফেনী।

www.fulgazi.feni.gov.bd; unofulgazi@mopa.gov.bd;


স্মারক নং: স্মারক নং- ০৫.২০.৩০৪১.০০০.১৬.০৮৩.১৮- ২৩০

তারিখ: ০১.০৩.২০১৮ খ্রিঃ।

বিষয়: ৩৯তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৩৯তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০১৮ উপলক্ষে বিজ্ঞান মেলা আয়োজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩৯তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৩৯তম বিজ্ঞান অলিম্পিয়াড উপলক্ষে ফুলগাজী উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আগামী ০৫.০৩.২০১৮খ্রি. হতে ০৬.০৩.২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড ২০১৮ অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত মেলা চলবে। ০৫.০৩.২০১৮ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০টায় ফুলগাজী উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আবদুল আলিম মেলার শুভ উদ্বোধন করবেন। ০৬.০৩.২০১৮ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০২ঃ৩০ টায় মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সমাপনী অনুষ্ঠানে জনাব মনোজ কুমার রায়, জেলা প্রশাসক, ফেনী মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অনুষ্ঠিতব্য বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানের নির্ধারিত তারিখ, স্থান ও সময়ে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণসহ অনুরোধ করা হল।



(কিসিঞ্জার চাকমা) ০১.০৩.১৮

উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী।

টেলিফোনঃ ০৩৩২৬-৭৭০৩২


মোবাইলঃ ০১৭১৩ ১৮৭৩১৫

স্মারক নং: স্মারক নং- ০৫.২০.৩০৪১.০০০.১৬.০৮৩.১৮- ২৩০

তারিখ: ০১.০৩.২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলঃ

১. জেলা প্রশাসক, ফেনী। সদয় অবগতির জন্য।
২. অধ্যক্ষ, ফুলগাজী সরকারি কলেজ, ফুলগাজী, ফেনী।
৩. সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, ফেনী।
৪. অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা, ফুলগাজী, ফেনী। মেলা চলাকালীন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলগাজী, ফেনী। মেলা চলাকালীন জরুরী চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৬. ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলগাজী, ফেনী। মেলা চলাকালীন মেলাস্থলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, কলেজ, বিদ্যালয়, মাদ্রাসা।
৮. উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, ফুলগাজী, (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস নথি।



উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী।